

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম তার বিশুদ্ধতা প্রমাণে দিতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1154 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيِّ قَالَ: حَدَّثَنَا زَائِدَةُ وَإِسْرَائِيلُ عَنْ أَشْعَتَ بْنِ أَبِي الشَّعْثَاءِ عَنْ جَعْفَرِ بْنِ أَبِي ثَوْرٍ مَهْدِيِّ قَالَ: حَدَّثَنَا زَائِدَةُ وَإِسْرَائِيلُ عَنْ أَشْعَتَ بْنِ أَبِي الشَّعْثَاءِ عَنْ جَعْفَرِ بْنِ أَبِي ثَوْرٍ عَنْ لُحُومِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْوُضُوءِ مِنْ لُحُومِ الْغَنَمِ فَقَالَ: (تَوَضَّأَ إِنْ شِئْتَ) وسُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَرَابِضِ الْغَنَمِ فَقَالَ: (صَلِّ إِنْ شِئْتَ) وسُئِلَ عَنِ الصَّلَاةِ فِي مَرَابِضِ الْغَنَمِ فَقَالَ: (صَلِّ إِنْ شِئْتَ) وسُئِلَ عَنِ الْوَضُوءِ مِنْ لُحُومِ الْإِبِلِ فَقَالَ: (تَوَضَاً أُ) وسُئِلَ عَنِ الصَّلَاةِ في مَبَاتِ شِئْتَ) وسُئِلَ عَنِ الْوُضُوءِ مِنْ لُحُومِ الْإِبِلِ فَقَالَ: (تَوَضَاً أُ) وسُئِلَ عَنِ الصَّلَاةِ في مَبَاتِ الْإِبلِ فَقَالَ: (لا تُصَلّ).

الراوي: جَابِر بْن سَمُرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1154 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৫৪. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মেষের গোশত খেয়ে ওয়ু করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তুমি চাইলে ওয়ু করতে পারো।" তাঁকে মেষ অবস্থান করার জায়গায় সালাত আদায় করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তুমি চাইলে সেখানে সালাত আদায় করতে পারো।" তাঁকে উটের গোশত খেয়ে ওয়ু করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তুমি ওয়ু করবে।" তাঁকে উট অবস্থান করার জায়গায় সালাত আদায় করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তুমি সেখানে সালাত আদায় করবে না।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩১; মুসনাদ আহমাদ: ৫/৯৮; সহীহ মুসলিম: ৩৬০; সুনান বাইহাকী: ১/১৫৮; তাহাবী,



শারহু মা'আনিল আসার: ১/৭০; তাবারানী: ১৮৬৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন